

## প্রেস রিলিজ

আজ ২৫.০৪.২০২৩ মঙ্গলবার দুর্নীতি দমন কমিশনের প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে ঈদ উল ফিতর ২০২৩ উত্তর শুভেচ্ছা বিনিময় সভা অনুষ্ঠিত হয়। ঈদ উত্তর শুভেচ্ছা বিনিময় করেন দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আব্দুল্লাহ ও কমিশনের কমিশনার জনাব মোঃ জহুরুল হক। শুভেচ্ছা বিনিময়কালে আরো উপস্থিত ছিলেন কমিশনের সচিব, মহাপরিচালক, পরিচালক, উপপরিচালকসহ বিভিন্ন পর্যায়ের কর্মচারীগণ।

এসময়ে দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আব্দুল্লাহ কমিশনের পক্ষ থেকে সবাইকে ঈদের শুভেচ্ছা জানান। চেয়ারম্যান সবাইকে পবিত্র ঈদ উল ফিতরের শিক্ষাকে স্মরণ করে মিলে-মিশে দেশের স্বার্থে ও কমিশনের সুনাম বজায় রেখে দুর্নীতির বিরুদ্ধে অর্পিত দায়িত্ব নির্মোহভাবে পালনের আহবান জানান। তিনি সকলের কর্মজীবন ও পারিবারিক জীবনের সফলতা কামনা করেন এবং পিতা-মাতাসহ পরিবারের প্রবীণ সদস্যদের প্রতি যথাযথ সম্মান প্রদর্শন ও তাদের প্রতি অধিকতর যত্নবান হওয়ার মাধ্যমে নৈতিক ও সামাজিক দায়িত্ব পালনেরও আহবান জানান।

সভা শেষে সকলের সামগ্রিক কল্যান কামনায় দোয়ার আয়োজন করা হয়। এসময়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ-এর মহামান্য রাষ্ট্রপতি এবং দুর্নীতি দমন কমিশনের প্রাক্তন কমিশনার জনাব মোঃ সাহাবুদ্দিন-এঁর সামগ্রিক সফলতা কামনা করা হয়; তিনি যেন সুস্থ শরীরে বিচক্ষণতা ও সুনামের সাথে দেশের জন্য কাজ করে যেতে পারেন, মহান আল্লাহর দরবারে সেই প্রার্থনা করা হয়। এসময়ে দুর্নীতি দমন কমিশনের হবিগঞ্জ জেলা কার্যালয়ের উচ্চমান সহকারী মোহাম্মদ ইমদাদুল হক মল্লিক-এর বিদেহী আল্লার মাগফিরাত কামনা করে দোয়া করা হয়। উল্লেখ্য, তিনি গত ২২ এপ্রিল ২০২৩ ঈদ উল ফিতরের দিন এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেছেন (ইন্না লিল্লাহী ওয়া ইন্না ইলাইহী রাজিউন)। কমিশনের পক্ষ হতে মরহমের স্ত্রী-সন্তানের প্রতি সহমর্মিতা ও গভীর শোক প্রকাশ করা হয় এবং তাদের জন্য সর্বাত্মক সহযোগিতা অব্যহত রাখার প্রতিশ্রুতিও প্রদান করা হয়।

